


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭
**www.bpsc.gov.bd**

## বিজ্ঞপ্তি

নম্বর ঃ ৮০.১০৭.০১১.০০.০০.০০৮.২০১৭-৬৮ তারিখ ঃ ০১.০৭.২০১৯

বিষয় ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের বিভিন্ন বিষয়ের অধ্যাপক পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের প্রয়োজনীয় সনদ,পাবলিকেশন, অভিজ্ঞতার সনদ ও ডকুমেন্টসহ BPSC Form-D কাগজপত্র জমাদান।

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের ২৭ ক্যাটাগরির অধ্যাপক পদে সরাসরি নিয়োগের জন্য কর্ম কমিশন কর্তৃক ১৬.০৫.২০১৯ তারিখে ৮০.১০৭.০১১.০০.০০.০০৮.২০১৭-৪৫ নম্বর বিজ্ঞাপন জারি করা হয় । উক্ত বিজ্ঞাপনের ভিত্তিতে অনলাইনে আবেদনকারী প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট থেকে পূরণকৃত অনলাইন আবেদনপত্র (BPSC Form-D) ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত আবেদনপত্রের (BPSC Form-D) সাথে নিম্নের ০২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সনদ/ডকুমেন্টসের সত্যায়িত কপি সংযুক্ত করে প্রার্থীদের আগামী ০৭.০৭.২০১৯ তারিখ থেকে ১৬.০৭.২০১৯ তারিখ পর্যন্ত প্রতি কার্য দিবসে সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত সরকারী কর্ম কমিশনের প্রধান কার্যালয় আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় হাতে হাতে জমা প্রদান করতে হবে ঃ

২.০ নিম্নের ক্রমনম্বর অনুযায়ী BPSC Form-D এর সাথে কাগজপত্র সংযুক্ত করতে হবে। প্রতিটি ডকুমেন্টের উপর নিম্নের ক্রমনম্বর লিখতে হবে ঃ

ক. প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি BPSC Form-D (applicant's copy) এর উপরে বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে;

খ. বিজ্ঞাপিত শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষাবোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিটি ডিগ্রির মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

গ. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;

ঘ. প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি ;

ঙ. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি ;

চ. বি.এম.ডি.সি কর্তৃক ইস্যুকৃত সর্বশেষ চূড়ান্ত রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি ;

ছ. সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য ধারাবাহিক গবেষণা কার্যক্রমের দালিলিক প্রমাণ এবং বিএমডিসি কর্তৃক অনুমোদিত মেডিকেল জার্ণালে প্রকাশিত বিজ্ঞাপনে উল্লিখিত সংখ্যক পাবলিককেশন এর কপি;

জ. সরকারী অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি ;

ঝ. সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি;

ঞ. অভিজ্ঞতার সনদ : সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ অনলাইনে দরখাস্ত দাখিলের পূর্ব পর্যন্ত প্রার্থী যে যে পদে নিযুক্ত ছিলেন সে সকল পদের নিয়োগপত্র এবং যোগদানপত্রের কপি, দায়িত্ব গ্রহণপত্র প্রযোজ্য ক্ষেত্রে দায়িত্ব হস্তান্তরপত্র (আর্টিকেল -৪৭ ফরম);

ট. সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পর্কিত সরকারী আদেশের কপি এবং কতদিন, কতমাস, বৎসর উক্ত পদে কাজ করেছেন তার বিস্তারিত বিবরণ টেবিল ফরমে [chronological order] শুরু হতে শেষ তারিখ পর্যন্ত জি,ও এবং যোগদান ও ছাড়পত্রের সত্যায়িত কপি;

ঠ. প্রার্থীদের মধ্যে যারা সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরিত ছাড়পত্রের কপি। সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

ড. চাকুরি হতে অপসারিত (removed) হয়েছেন অথবা চাকুরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এসব ক্ষেত্রে প্রার্থীকে তাদের BPSC Form-D (applicant's copy) এর সঙ্গে চাকুরি হতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এরূপ আদেশের সত্যায়িত কপি;

ঢ. কোনো প্রার্থী অনলাইন আবেদনপত্র [BPSC Form-D (applicant's copy)] জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোনো চাকুরিতে যোগদান করলে বা চাকুরি থেকে ইস্তফাদান করলে বা চাকুরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

ণ. অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্রের সত্যায়িত কপি;

ত. উপরে ০২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

৩.০ উপরোক্ত সকল কাগজপত্রসহ BPSC Form-D নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে তাঁর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৪.০ প্রার্থী কর্তৃক BPSC Form-D এর সাথে সংযুক্ত সকল ডকুমেন্টস অনুপুঙ্খ যাচাইয়ের পর শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে।

৫.০ বিজ্ঞাপনের শর্ত মোতাবেক আবেদনপত্র যথাযথভাবে পূরণ না করা হলে, যোগ্যতার ঘাটতি থাকলে, স্বাক্ষর করা না হলে, কোনো কলাম/ঘর/স্থান পূরণ না করা হলে ও বিজ্ঞাপনে উল্লিখিত সনদপত্রের সত্যায়িত কপি, ডকুমেন্টস, অভিজ্ঞতার সনদ, পাবলিকেশনের অনুমোদিত কপি জমা না দিলে প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বাছাই প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো ত্রুটি ধরা পরলে এমনকি সুপারিশ/মনোনয়ন বা নিয়োগ প্রাপ্তির পরেও প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য ভুল বলে প্রমাণিত হলে তাঁর প্রার্থিতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.০ কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখার প্রয়োজন হলে কর্ম কমিশন সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করবে।

৭.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

১.৭.১৭

[আ.ই.ম. নেছার উদ্দিন]
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]